# কুরআন ও সহীহ হাদীসের আলোকে নিষিদ্ধ কর্মকান্ড

বিভাগ/অধ্যায়ঃ কুরআন ও হাদীসে বর্ণিত নিষিদ্ধ কর্মসমূহ

রচয়িতা/সঙ্কলকঃ মোস্তাফিজুর রহমান বিন আব্দুল আজিজ আল-মাদানী

২৯২. রোযার রাতে সেহরী না খাওয়া

আব্দুল্লাহ্ বিন্ 'হারিস্ (রাহিমাহুল্লাহ্) থেকে বর্ণিত তিনি নবী (সা.) এর এক বিশেষ সাহাবী থেকে বর্ণনা করেন: তিনি বলেন: জনৈক ব্যক্তি একদা নবী (সা.) এর নিকট আসলো যখন তিনি সেহরী খাচ্ছিলেন। তখন নবী (সা.) তাকে উদ্দেশ্য করে বললেন:

إِنَّ السَّحُورَ بَرَكَةٌ أَعْطَاكُمُوهَا اللَّهُ عَزَّ وَجَلَّ فَلَا تَدَعُوهَا

“আল্লাহ্ তা'আলা রোযার সেহরী তোমাদেরকে বরকত হিসেবেই দিয়েছেন। সুতরাং তোমরা কখনো তা খাওয়া ছাড়বে না”।[1]

ফুটনোট

[1] (আহমাদ, হাদীস ২২০৬১, ২৩১৪২)

Source — https://www.hadithbd.com/books/link/?id=11542

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন